



প্রেস বিজ্ঞপ্তি

০৯ জুন ২০২২

বাউবি'তে OBE Curriculum Concepts-Models & Development Strategy শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত OBE Curriculum Concepts-Models & Development Strategy শীর্ষক চার দিনব্যাপি কর্মশালা ০৯ জুন ২০২২ বৃহস্পতিবার গাজীপুরস্থ ক্যাম্পাসের সেমিনার হলে শেষ হয়েছে। কর্মশালার সমাপনী দিনে প্রধান অতিথি বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ন আখতার বলেন জ্ঞানের ও মানসিক বিকাশ সমন্বয় করে সমাজ ও অর্থনৈতিক উন্নয়নের জন্য শিক্ষা ব্যবস্থার পরিবর্তন দরকার। প্রাক ঐতিহাসিক যুগ থেকে আমরা জ্ঞান আহরণ করছি। সমাজ বিবর্তনের সাথে সাথে জ্ঞান আহরণের ধারা পরিবর্তন হচ্ছে। সৃজনশীল শিক্ষার মাধ্যমে জ্ঞানের বিকাশের সাথে মানসিক বিকাশ জড়িত বলে মনে করেন উপাচার্য।



কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ন আখতার

কর্মশালায় ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর পরিচালক অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবাবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল উপস্থিত ছিলেন। সম্মানিত অতিথি হিসেবে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের স্ট্র্যাটেজিক প্ল্যানিং এন্ড কোয়ালিটি অ্যাসুরেন্স বিভাগের পরিচালক ড. মোঃ ফখরুল ইসলাম এক বছরে এধরনের ছয়টি কর্মশালার আয়োজন করার জন্য বাউবি'র প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উচ্চ শিক্ষার কোন বিকল্প নেই বলে মন্তব্য করেন। কর্মশালায় রিসোর্সপার্সন হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এর অধ্যাপক ড. জাহানুর রহমান বক্তব্য রাখেন। কর্মশালার সমাপনী অনুষ্ঠান সঞ্চালনা করেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা। চার দিনব্যাপি এ কর্মশালায় দুইটি গ্রুপে বিশ্ববিদ্যালয়ের ছয়টি স্কুলের ৮০ জন শিক্ষক অংশ গ্রহণ করেন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৮